# ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট

গ্রাম ঃ বটতলী, ডাকঘর ঃ ফতেয়াবাদ, থানা ঃ হাটহাজারী, জেলা ঃ চট্টগ্রাম।

সূত্র ঃ ইচৌমোমফা/শিবৃ২০২৭/২০২৬(২০) তারিখ ঃ ১৬/০৮/২০২৬

প্রাপক,

রেজিস্ট্রার

ঢাকা বিশ্ববিদ্যালয়,

ঢাকা।

DR (Ac-5)

24/08/2026

মহোদয়/মহোদয়া,

আপনারা অবগত আছেন যে, **"ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলোপমেন্ট"** একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং সমস্ত প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতিবছর সরকার অথবা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকৌশল, চিকিৎসা, বাণিজ্য, অর্থনীতি বিষয়ে অধ্যয়নরত চট্টগ্রাম জেলার অর্ন্তগত শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী অধিবাসীদের মধ্যে মেধাবী ছাত্র/ছাত্রী যারা আর্থিক সীমাবদ্ধতার কারণে শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে অসমর্থ এবং যাদের আর্থিক সাহায্যের প্রয়োজন আছে এমন শিক্ষার্থীদের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন পর্যন্ত মাসিক শিক্ষাবৃত্তি কার্যকর করে। বার্ষিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তির ধারাবাহিকতা অক্ষুন্ন রাখা হয়। বিগত বছর সমূহে এই প্রতিষ্ঠান প্রায় ৪৩৫ জন ছাত্র/ছাত্রীকে শিক্ষা বৃত্তি প্রদান করেছে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার অথবা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্নাতক সম্মান (অনার্স) এবং স্নাতকোত্তর (মাস্টার্স) পর্যায়ে অধ্যয়নরত শুধুমাত্র চট্টগ্রামের হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে **২৯ই অক্টোবর ২০২৬ইং** এর মধ্যে ২০২৭ইং শিক্ষাবর্ষের জন্য ফাউন্ডেশনের অফিসে প্রাপ্ত নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় তথ্যাদিসহ শিক্ষাবৃত্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

এ সংক্রান্ত একটি নোটিশ আপনাদের প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে ও প্রতি বিভাগের নোটিশ বোর্ডে প্রতিস্থাপনের মাধ্যমে প্রচারের জন্য এবং সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য এই পত্রের সঙ্গে প্রেরণ করা হল। এ ব্যাপারে আপনার/ আপনাদের আন্তরিক সহযোগীতা বিশেষ ভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

(প্রফেসর ড: নাজনীন নাহার ইসলাম)

ট্রাস্টি, ইচৌমোমফা।

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/-১৭০৮২-৩৫ তারিখঃ ২৬/৫/২০২৬
৩১/৮/১৪৩৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়
২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪। প্রফেসর ড: নাজনীন নাহার ইসলাম,
ট্রাস্টি, ইচৌমোমফা, ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন
ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট,
বটতলী, ফতেয়াবাদ হাটহাজারী, চট্টগ্রাম।

৩১/০৮/২৬

ডেপুটি রেজিস্ট্রার